



ঐশী জ্যোতিই আমাদের পথ প্রদর্শক  
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়  
রাজশাহী-৬২০৪

ফোন: +৮৮০-২৫৮৮৮৬৬৭৯৮, ফ্যাক্স: +৮৮০-২৫৮৮৮৬৭১০৫  
ই-মেইল: registrar@ruet.ac.bd ওয়েব-সাইট :www.ruet.ac.bd

স্মারক নং-২৯৬২

তারিখঃ ০২/০৩/২০২২ খ্রিঃ

**-ঃ পিএইচ.ডি/এম.ফিল/এম.এস-সি ইঞ্জিঃ/এম.ইঞ্জিঃ/এম.এস-সি/পিজিডি কোর্সে ভর্তির বিজ্ঞপ্তি :-**

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়-এ ২০২১-২০২২ শিক্ষাবর্ষে পুরকৌশল, তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল, যন্ত্রকৌশল, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রডাকশন ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রনিক্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, গ্লাস এন্ড সিরামিক ইঞ্জিনিয়ারিং, গণিত, রসায়ন ও পদার্থবিদ্যা বিভাগে পিএইচ.ডি/এম.ফিল/এম.এস-সি ইঞ্জিনিয়ারিং/এম.ইঞ্জিনিয়ারিং/এম.এস-সি এবং ICT-তে PGD (Post Graduate Diploma) কোর্সে ভর্তির জন্য নিম্নলিখিত শর্ত সাপেক্ষে আগ্রহী প্রার্থীদের নিকট হতে নির্ধারিত ফরমে Online Portal -এর মাধ্যমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

- (১) প্রকৌশল বিভাগসমূহে এম.এস-সি ইঞ্জিনিয়ারিং/এম.ইঞ্জিনিয়ারিং-এ ভর্তির জন্য প্রার্থীদেরকে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ে জিপিএ ৫.০০- এর মধ্যে ৩.৫০ পেয়ে পাশ করতে হবে ও কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট ডিসিপ্লিনে বি.এস-সি ইঞ্জিনিয়ারিং বা সমতুল্য ডিগ্রীতে সিজিপিএ ৪.০০-এর মধ্যে ২.৭৫ পেতে হবে এবং পিএইচ.ডি কোর্সে ভর্তির জন্য সংশ্লিষ্ট ডিসিপ্লিনে সিজিপিএ ৪.০০-এর মধ্যে ৩.০০ পেয়ে এম.এস-সি ইঞ্জিনিয়ারিং বা সমতুল্য ডিগ্রী থাকতে হবে।
- (২) গণিত, রসায়ন ও পদার্থবিদ্যা বিভাগ সমূহে এম.এস-সি-তে ভর্তির জন্য প্রার্থীদেরকে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ে জিপিএ ৫.০০- এর মধ্যে ৩.৫০ পেয়ে পাশ করতে হবে ও কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট ডিসিপ্লিনে বি.এস-সি (সম্মান) বা সমতুল্য ডিগ্রীতে সিজিপিএ ৪.০০-এর মধ্যে ২.৭৫ পেতে হবে।
- (৩) গণিত, রসায়ন ও পদার্থবিদ্যা বিভাগে এম.ফিল কোর্সে ভর্তিচ্ছু প্রার্থীদেরকে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ে জিপিএ ৫.০০-এর মধ্যে ৩.৫০ পেয়ে পাশ করতে হবে ও কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট ডিসিপ্লিনে এম.এস-সি বা সমতুল্য ডিগ্রীতে সিজিপিএ ৪.০০-এর মধ্যে ২.৭৫ পেতে হবে এবং পিএইচ.ডি কোর্সে ভর্তির জন্য সংশ্লিষ্ট ডিসিপ্লিনে সিজিপিএ ৪.০০-এর মধ্যে ৩.০০ পেয়ে এম.ফিল বা সমতুল্য ডিগ্রী থাকতে হবে।
- (৪) ICT-তে PGD (Post Graduate Diploma) কোর্সে ভর্তির জন্য প্রার্থীদেরকে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বা সমতুল্য পর্যায়ে যে কোন একটিতে জিপিএ ৫.০০- এর মধ্যে ৩.৫০ পেয়ে পাশ করতে হবে তবে কোন পরীক্ষাতে জিপিএ ৫.০০- এর মধ্যে ৩.০০-এর নীচে/৩য় বিভাগ গ্রহণযোগ্য নয় এবং কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট ডিসিপ্লিনে B.Sc. Eng./B. Sc. Ag/B.Sc.Econ অথবা B.Sc./BSS degree/M.A অথবা M. Sc. অথবা MSS degee/BURP/BArch ডিগ্রী বা সমতুল্য ডিগ্রীতে ৪.০০-এর মধ্যে ২.৫০ পেতে হবে।
- (৫) দরখাস্তের সাথে SSL সার্ভিসের মাধ্যমে 1000/= (একহাজার) টাকা পরিশোধ করতে হবে।
- (৬) বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.pg.ruet.ac.bd) হতে Online-এর মাধ্যমে ভর্তি ফরম পূরণ পূর্বক ০৩/০৩/২০২২ খ্রিঃ তারিখ থেকে ১৬/০৩/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে আবেদন করতে হবে। সকল পরীক্ষার সনদপত্র ও ট্রান্সক্রিপ্ট/মার্কসীট-এর সত্যায়িত ফটোকপি এবং সিলেবাস/কারিকুলাম-এর সত্যায়িত ফটোকপি ওয়েবসাইট লিংকে জমা দিতে হবে তবে পাবলিক প্রকৌশল বিশ্ববিদ্যালয় হতে পাশকৃত শিক্ষার্থীদের সিলেবাস/কারিকুলাম-এর ফটোকপি জমা দিতে হবে না।
- (৭) যোগ্য প্রার্থীদের তালিকা প্রকাশঃ ২৩/০৩/২০২২ খ্রিঃ।
- (৮) ভর্তি পরীক্ষা গ্রহণঃ স্ব স্ব বিভাগ কর্তৃক ২৪/০৩/২০২২ খ্রিঃ তারিখ হতে ২৭/০৩/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।
- (৯) ফলাফল প্রকাশঃ ২৮/০৩/২০২২ খ্রিঃ।
- (১০) নির্বাচিত প্রার্থীকে স্বাস্থ্য পরীক্ষায় উপযুক্ত বলে গণ্য হলে নির্ধারিত ভর্তি ফি ১৮,৫০০/ (আঠার হাজার পাঁচশত) টাকা প্রদানপূর্বক ০৬/০৪/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে হবে এবং শিক্ষা শাখায় কাগজ-পত্রাদি জমা দিতে হবে।
- (১১) চাকুরীরত প্রার্থীকে নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- (১২) প্রার্থী ইতোপূর্বে কোন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হয়ে থাকলে ভর্তির সময় ভর্তি বাতিলের সনদপত্র জমা দিতে হবে।
- (১৩) চাকুরীরত প্রার্থী নিয়োগকারী কর্তৃপক্ষের সম্মতিক্রমে খন্ডকালীন ছাত্র হিসাবেও ভর্তির জন্য আবেদন করতে পারবে।
- (১৪) চাকুরীরত পিএইচ.ডি প্রার্থীকে নিয়োগকারী কর্তৃপক্ষের কাছ থেকে ০১ (এক) বছরের ছুটি নিতে হবে।
- (১৫) বেসরকারী বিশ্ববিদ্যালয় হতে পাশকৃত ভর্তিচ্ছু প্রার্থীদের নিম্নের বিষয়গুলি প্রযোজ্য হবেঃ
  - (ক) বিশ্ববিদ্যালয়টি ইউজিসি কর্তৃক অনুমোদিত হতে হবে।
  - (খ) রুয়েটের সাথে উক্ত বিশ্ববিদ্যালয়ের সিলেবাস এবং ক্রেডিট সামঞ্জস্যপূর্ণ হতে হবে।

(প্রফেসর ড. মোঃ সেলিম হোসেন)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

তারিখঃ ০২/০৩/২০২২ খ্রিঃ।

স্মারক নং-২৯৬২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রদানঃ

১। সকল ডীন/ইন্সটিটিউট পরিচালক, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

২। রেজিস্ট্রার, বুয়েট/চুয়েট/কুয়েট/ডুয়েট ও সকল বিশ্ববিদ্যালয়।

৩। সকল বিভাগীয় প্রধান, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, কম্পিউটার সেন্টার, অত্র বিশ্ববিদ্যালয়।-উল্লিখিত ভর্তি বিজ্ঞপ্তি অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েব-সাইটে অন্তর্ভুক্তকরণের অনুরোধসহ।

৫। অত্র বিশ্ববিদ্যালয়/হলসমূহের সকল নোটিশ বোর্ড।

৬। সংরক্ষণ নথি।

৭। নথি।

স্বা/-

অতিরিক্ত রেজিস্ট্রার

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।